The New Age



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan, among others, attends the FSB-Young Fisheries Students Congress at the DU's Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday. — Press release

Young fisheries students' congress held at DU

Staff Correspondent

THE department of fisheries of Dhaka University, Fisheries Society of Bangladesh and Bangladesh Fisheries Executive Association jointly organised the FSB-Young Fisheries Students Congress at the DU's Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday.

Organised with the theme 'fisheries students: the future leaders in innovation and entrepreneurship', DU vice-chancellor Professor Niaz Ahmed Khan addressed the event as chief guest, which was presided over by chairperson of the department of fisheries Professor Mohammad Mamun Chowdhury, said a press release.

Director general of the Department of Fisheries Md Zia Haider Chowdhury and BFEA DG Anuradha Bhadra spoke as special guests and Bangladesh Agricultural University vice-chancellor Professor AK Fazlul Haque Bhuiyan was present as guest of honour at the event.

World Fish Bangladesh country representative Faruk-ul Islam, Fisheries Society of Bangladesh president Professor Md Abul Mansur and secretary Professor SM Rafiquzzaman delivered welcome speeches.

Professor Niaz Ahmed Khan highlighted the importance of the fisheries sector.

He said, 'We have to work together to develop this sector. We have to reduce the distance between academics, researchers and practitioners. Government and private universities and central and regional institutions have to work together in the national interest.'

He expressed hope that such events would play a helpful role in increasing mutual relations and communication.

The New Nation

DU hosts FSB-YFSC



City Desk

The FSB-Young Fisheries Students Congress (YFSC) was unfolded on Thursday at Nawab Nawab Ali Chowdhury Senate Bhaban, University of Dhaka, organised jointly by the university's Fisheries Department, Fisheries Society of Bangladesh (FSB), and Bangladesh Fisheries Executives Association (BFEA). University of Dhaka Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan addressed the gathering as chief guest, emphasising the fisheries sector's vital role, says a press release.

He urged unified efforts among educators, researchers, and practitioners to reduce divides, calling for collaboration between public-private universities and central-regional institutions. "Such events will strengthen relationships and communication for national interests," he added.

Chaired by Fisheries Department Chairman Professor Mohammad Mamun Chowdhury, the program featured special guests from the Directorate of Fisheries-Director General Md. Zia Haider Chowdhury-and BFEA Director General Dr. Anuradha Bhadr. Bangladesh Agricultural University Vice-Chancellor Professor Dr. A K Fazlul Haque Bhuiyan attended as honored guest. Goodwill messages came from WorldFish Bangladesh Country Representative Faruk-ul Islam, FSB President Professor Dr. Md. Abul Mansur, and Secretary Professor Dr. S.M. Rafiquzzaman.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

ইনকিলাব



এফএসবি-ইয়ং ফিশারিজ স্টুডেন্টস কংগ্রেস (FSB-Young Fisheries Students Congress) গতকাল নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। –প্রেস বিজ্ঞপ্তি

আলোকিত বাংলাদেশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'এফএসবি-ইয়ং ফিশারিজ স্টুডেন্টস কংগ্রেস' অনুষ্ঠিত

আলোকিত ডেস্ক : এফএসবি-ইয়ং ফিশারিজ স্টুডেন্টস কংগ্রেস (FSB-Young Fisheries Students Congress) গতকাল ০৮ জানুয়ারি ২০২৬ বৃহস্পতিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। 'Fisheries Students : The Future Leaders in Innovation and Entrepreneurship' প্রতিপাদ্য নিয়ে এই কংগ্রেস আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় মৎস্যবিজ্ঞান বিভাগ, ফিশারিজ সোসাইটি অব বাংলাদেশ (এফএসবি) এবং বাংলাদেশ ফিশারিজ এক্সিকিউটিভ এসোসিয়েশন (বিএফইএ) যৌথভাবে এই সম্মেলনের আয়োজন করে। মৎস্যবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ মামুন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক মো. জিয়া হায়দার চৌধুরী এবং বিএফইএ-এর মহাপরিচালক ড. অনুরাধা ভদ্র বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. একে ফজলুল হক ভূঁইয়া। ওয়ার্ল্ড ফিশ বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ফারুক-উল ইসলাম, ফিশারিজ সোসাইটি অব বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ড. মো. আবুল মনসুর এবং সম্পাদক অধ্যাপক ড. এসএম রফিকুজ্জামান শুভেচ্ছা বক্তব্য দেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

দৈনিক ইত্তেফাক

শুক্রবার
২৫ পৌষ ১৪৩২, ৯ জানুয়ারি ২০২৬

বেগম খালেদা জিয়া স্মরণে ঢাবি চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের শোকসভা

ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্মরণে গত মঙ্গলবার ইউনিয়নের কার্যালয়ে দোয়া ও শোকসভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন উক্ত ইউনিয়নের সভাপতি মো. শাহজাহান। ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. সেলিম মিয়ার সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সাদমা হক বিনিশা। আরো বক্তব্য রাখেন, ইউনিয়ন সহসভাপতি আবুল কালাম আজাদ, ইউনিয়ন সহসভাপতি মো. তরিকুল ইসলাম, ইউনিয়ন সাংগঠনিক সম্পাদক মো. আরিফ হোসেন, ঢাকা মহানগর পূর্ব ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত আহ্বায়ক মো. নাঈম আবেদীন প্রমুখ। —প্রেস বিজ্ঞপ্তি



বেগম খালেদা জিয়ার স্মরণে ঢাবি চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের শোকসভা

বণিক বার্তা



নবম বই-ফিকশন বইমেলা উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ড. আবদুল্লাহ ফারুক সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলন আয়োজন করা হয় ছবি : নিজস্ব আলোকচিত্রী

ঢাবিতে নন-ফিকশন বইমেলা শুরু কাল

নিজস্ব প্রতিবেদক ■

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নবমবারের মতো আয়োজন করা হচ্ছে নন-ফিকশন বইমেলা ২০২৫। আগামীকাল শুরু হয়ে সোমবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে চলবে এ মেলা। শনিবার ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা থাকায় ওইদিন দুপুর সাড়ে ১২টা থেকে জনসাধারণের জন্য মেলাটি উন্মুক্ত হবে। পরের দুদিন যথারীতি সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মেলা চলবে। বণিক বার্তা ও ব্যবসায় শিক্ষা অনুষদ যৌথভাবে এ মেলার আয়োজন করছে।

গতকাল ঢাবির ব্যবসায় শিক্ষা অনুষদের ড. আবদুল্লাহ ফারুক সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম বলেন, 'বিভিন্ন বইমেলায় গল্প-উপন্যাসের বই বেশি বিক্রি হয়। কিন্তু এ নন-ফিকশন বইমেলায় ইতিহাস, অর্থনীতি, পলিসি মেকিংসহ নানা ধরনের বই থাকে, যে বিষয়ে জ্ঞান শুধু ছাত্রছাত্রীর নয়, অন্য অনেকের প্রয়োজন হয়। এ প্রয়োজন মেটানো নন-ফিকশন বইমেলার একটা উদ্দেশ্য। এসব বই সাংবাদিকদের জন্যও বিশেষভাবে প্রয়োজন। এখানে পরিসর সীমিত। এ পরিসরেই বণিক বার্তা ও ব্যবসায় শিক্ষা অনুষদ সুন্দর আয়োজনের মাধ্যমে মেলাটি সফল করার চেষ্টা করে যাচ্ছে।'

এছাড়া তিনি নবম নন-ফিকশন বইমেলা সফলভাবে সম্পন্ন করার এবং এ উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। মেলাটি পাঠক, লেখক ও দর্শনার্থীদের মিলনমেলায় পরিণত হবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বণিক বার্তার প্রধান প্রতিবেদক ইমামুল হাছান আনসারী জানান, প্রতি বছরের মতো এবারো বইমেলা শুরু হবে সকাল ১০টায়। বইমেলার উদ্বোধনী অনুষ্ঠান হবে বিকাল ৪টায়। প্রধান অতিথি হিসেবে মেলা উদ্বোধন করবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফায়েজ। বিশেষ অতিথি থাকবেন বাংলা একাডেমির সভাপতি আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক বিদিশা।

এ বছর মোট ৩৯টি প্রকাশনা ও গবেষণা সংস্থা মেলায় অংশ নিচ্ছে। মেলায় অংশগ্রহণ করবে অনন্যা, অদর্শ, অনুপম প্রকাশনী, অন্যপ্রকাশ, অবসর প্রকাশনা সংস্থা, আজকাল পাবলিকেশন, আগামী প্রকাশনী, আহমদ পাবলিশিং হাউস, আলোঘর প্রকাশন, ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, একাডেমিক প্রেস অ্যান্ড পাবলিশার্স লি., ঐতিহ্য, কথাপ্রকাশ, কাকলী প্রকাশনী, কোয়ান্টাম, প্রান্তিক প্রকাশন, জ্যোতি প্রকাশনী, জাতীয় সাহিত্য প্রকাশ, জ্ঞানকোষ প্রকাশনী, ট্রেইলস স্টার বুকস, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থা, দিব্যপ্রকাশ, দৃষ্টি প্রকাশন, পাঞ্জেরী পাবলিকেশন্স লি., পাঠক সমাবেশ, প্রথমা প্রকাশন, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, বাতিঘর, বাংলা গবেষণা, বেঙ্গল বুকস, মাওলা ব্রাদার্স, মৌমাছি, সংহতি প্রকাশন, সময় প্রকাশন, সাহিত্য প্রকাশ, সুবর্ণ, স্বরে অ ও হাওলাদার প্রকাশনী।

মেলায় প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর উল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্যছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠকরা। বইয়ের ক্রেতাদের জন্য মেলায় শেষদিন থাকবে র‍্যাফেল ড্রয়ের আয়োজন। র‍্যাফেল ড্রয়ে বিজয়ীরা পাবেন আকর্ষণীয় সব পুরস্কার।

গত বছরের ধারাবাহিকতায় এ বছরও 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা ২০২৫' প্রদান করা হবে। মেলার শেষদিন সমাপনী অনুষ্ঠানে জুরিদের নির্বাচিত বইকে 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা ২০২৫' দেয়া হবে। গত বছর চারটি বই 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা ২০২৪' পেয়েছিল।

১২ জানুয়ারি বেলা ৩টায় সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সিআর আবরার। বিশেষ অতিথি থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

গতকালের সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন বণিক বার্তার সহকারী সম্পাদক ও বিশেষ সংবাদদাতা বদরুল আলম, যুগ্ম বার্তা সম্পাদক শামজিদ অর্ণব, হেড অব বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড ব্র্যান্ডিং মঞ্জুর হোসাইন, এক্সটার্নাল অ্যাফেয়ার্সের ডিজিএম মো. আমিনুল ইসলাম।

আমাদের সময়

ঢাবিতে কাল থেকে নন-ফিকশন বইমেলা শুরু

ঢাবি প্রতিনিধি ■

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অনুষ্ঠিত হতে যাচ্ছে নন-ফিকশন বইমেলা। ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে তিন দিনব্যাপী এ মেলা আগামীকাল শনিবার থেকে শুরু হয়ে চলবে সোমবার পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা।

শনিবার উদ্বোধনের দিন বিকাল ৪টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বইমেলার উদ্বোধন করবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ। গতকাল বৃহস্পতিবার ঢাবির ব্যবসায় শিক্ষা অনুষদের ড. আবদুল্লাহ ফারুক সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে বইমেলার ঘোষণা দেওয়া হয়। বণিক বার্তা ও ব্যবসায় শিক্ষা অনুষদ যৌথভাবে এই মেলার আয়োজন করছে।